


# যুগান্তর

## বিভিন্ন স্থানে প্রাথমিক শিক্ষা সপ্তাহ

প্রকাশ : ০৮ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংকরণ



যুগান্তর ডেক্স

জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০১৮ পালিত হয়েছে। এ উপলক্ষে বৃদ্ধবার বিভিন্ন স্থানে শিক্ষা উপকরণ মেলা র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর-

আগৈলবাড়ী : র্যালি শেবে সদর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. সিরাজুল হক তালুকদারের সভাপতিতে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান গোলাম মোর্তজা খান, জেলা মুক্তিযোদ্ধা সহকারী কমান্ডার আবদুর রইচ সেরিয়াবাত, প্যানেল চেয়ারম্যান মলিনা রাণী রায়, ভাইস চেয়ারম্যান জঙ্গীম সরদার, সহকারী শিক্ষা কর্মকর্তা জামাল হোসেন গাজী, প্রীতিশ বিশ্বাস, প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান প্রমুখ।

সুজানগর (পাবনা) : সুজানগরে আলোচনা সভা ও র্যালিতে প্রধান অতিথি ছিলেন খন্দককার আজিজুল হক আরজু এমপি বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান আবদুল কাদের রোকেন, ইউএনও আসিফ মাহমুদ, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মিনারা বেগম, সহ-উপজেলা প্রাথমিক শিক্ষক কর্মকর্তা বিধান চন্দ্র ঘোষ।

কাউখালী (পিরোজপুর) : কাউখালীতে অনুষ্ঠানের উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান এসএম আহসান কবীর। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী ইউএনও ইসরাত জাহান, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা খোন্দকার জসিম আহমেদ, সহকারী শিক্ষা কর্মকর্তা এসকে জাবেদ, প্রাথমিক শিক্ষ সমিতির সভাপতি সুরত রায়, সম্পাদক হাবিবুল্লাহ ফরিদ প্রমুখ।

বালিয়াকান্দি (রাজবাড়ী) : বালিয়াকান্দি উপজেলা পরিষদের হলরমে আলোচনাসভায় ইউএনও মো. মাসুম রেজার সভাপতিতে সভায় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান খোদেজা বেগম, হারুন-অর রশিদ মানিক, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সিরাজুল ইসলাম বিশ্বাস, শিক্ষক চাঁদ সুলতানা, শাহিন আল মাসুদ, ফেরদৌস খান টুটুল, শহিদুল ইসলাম, জাহাঙ্গীর আলম প্রমুখ।

ভেড়ামারা : ভেড়ামারায় উপজেলা শিক্ষা কর্মকর্তা মাসুদ বরিম মেলার উদ্বোধন ঘোষণা করেন। বক্তব্য রাখেন নাহিদ আকতার, মো. শহিদুল ইসলাম, পারভিন আকতার, মিজানুর রহমান, রবিউল ইসলাম প্রমুখ।

তারপ্রাণ সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্ববৃত্ত স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।